গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সামাজিক নিরাপত্তা অধিশাখা
www.cabinet.gov.bd

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.৭২৫.০৬.০০১.১৬.১৯৭

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: **সামাজিক নিরাপত্তা কার্যক্রমের সুবিধাভোগী নির্বাচন, ডাটা সংরক্ষণ এবং বিতরণ ব্যবস্থা অধিক উন্নয়নের লক্ষ্যে ডাইনামিক সোশাল রেজিস্ট্রি (DSR) স্থাপন সংক্রান্ত নির্দেশিকা ব্যবহার সংক্রান্ত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৪ নভেম্বর ২০২৪ তারিখে 'সামাজিক নিরাপত্তা বিষয়ক কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (CMC)"র ১৯তম' সভার সিদ্ধান্ত ১৭.ক অনুচ্ছেদ অনুযায়ী 'সামাজিক নিরাপত্তা কার্যক্রমের সুবিধাভোগী নির্বাচন, ডাটা সংরক্ষণ এবং বিতরণ ব্যবস্থা অধিক উন্নয়নের লক্ষ্যে ডাইনামিক সোশাল রেজিস্ট্রি (DSR) স্থাপন সংক্রান্ত নির্দেশিকা' প্রণয়ন করা হয়েছে।

০২। এমতাবস্থায়, উক্ত নির্দেশিকা প্রযোজ্যক্ষেত্রে ব্যবহার করার জন্য মন্ত্রণালয়/বিভাগসমূহ-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: নির্দেশিকা।

**সকল সংযুক্তিসমূহ:**
(১) নির্দেশিকা

০৮-১২-২০২৪
খন্দকার মনোয়ার মোর্শেদ
উপসচিব
৪১০৫০৩৬৩ (ফোন)
ss_sec@cabinet.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয়।
২। সিনিয়র সচিব, সচিবের দপ্তর, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।
৩। সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।
৪। সচিব, সচিবের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়।
৫। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৬। সচিব, সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।
৭। সচিব, সচিবের দপ্তর, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

**স্মারক নম্বর:** ০৪.০০.০০০০.৭২৫.০৬.০০১.১৬.১৯৭/১ (৫)

তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪৩১ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/সচিব (সকল), মন্ত্রণালয়/বিভাগ।।
২। মহাপরিচালক (গ্রেড-১), মহাপরিচালকের দপ্তর, মহিলা বিষয়ক অধিদপ্তর।
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, সমাজসেবা অধিদফতর।
৪। মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ।
৫। সচিব, সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ।

০৮-১২-২০২৪
খন্দকার মনোয়ার মোর্শেদ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
সামাজিক নিরাপত্তা অধিশাখা
www.cabinet.gov.bd

**বিষয়: সামাজিক নিরাপত্তা কার্যক্রমের সুবিধাভোগী নির্বাচন, ডাটা সংরক্ষণ এবং বিতরণ ব্যবস্থা অধিক উন্নয়নের লক্ষ্যে ডাইনামিক সোশাল রেজিস্ট্রি (DSR) স্থাপন সংক্রান্ত নির্দেশিকা।**

সামাজিক নিরাপত্তা কার্যক্রমের বিতরণ ব্যবস্থার উন্নয়ন এবং সার্বিক সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে জাতীয় সামাজিক নিরাপত্তা কৌশল-এর আলোকে একটি সমন্বিত Single Registry MIS স্থাপনের লক্ষ্যে অর্থ বিভাগ Social Production Budget Management Unit (SPBMU) নামক একটি প্ল্যাটফর্ম প্রস্তুত করেছে। SPBMU প্লাটফর্মের মাধ্যমে শুধু ভাতা বিতরণ কার্যক্রম সম্পন্ন করা সম্ভব হলেও এর মাধ্যমে ভাতাভোগী বাছাই সংক্রান্ত কার্যক্রম অন্তর্ভুক্ত নেই। SPBMU প্ল্যাটফর্মের সঙ্গে ভাতাভোগী বাছাই সংক্রান্ত ফাংশনটি সংযুক্ত করার মাধ্যমে একটি Dynamic Social Registry স্থাপনের বিষয়ে গত ১৪ নভেম্বর ২০২৪ তারিখে অনুষ্ঠেয় **সামাজিক নিরাপত্তা বিষয়ক কেন্দ্রীয় ব্যবস্থাপনা কমিটি (CMC)-র ১৯তম সভায়** সিদ্ধান্ত গৃহীত হয়েছে। ডাইনামিক সোশাল রেজিস্ট্রি বাস্তবায়নে নিম্নোক্ত কার্যক্রম গ্রহণ করা হবেঃ

ক) ডায়নামিক সোশ্যাল রেজিস্ট্রির সার্ভার ব্যবস্থাপনা, রক্ষণাবেক্ষণ, বিভিন্ন মন্ত্রণালয়ের সামাজিক নিরাপত্তা কর্মসূচির MIS-সমূহের মধ্যে আন্তঃসংযোগ স্থাপন, তথ্যের আন্তঃপ্রবাহ নিশ্চিতকরণ এবং জি-টু-পি (G2P) পদ্ধতিতে ভাতা বিতরণের লক্ষ্যে আর্থিক MIS-এর সঙ্গে একীভূতকরণ এবং এ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম সমন্বয়ের জন্য অর্থ বিভাগ একটি স্টিয়ারিং কমিটি গঠনসহ অন্যান্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে।

খ) নতুন সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রে Proxy Means Test (PMT) পদ্ধতির মাধ্যমে আবেদনকারীদের অর্থনৈতিক প্রোফাইল তথা তাদের দারিদ্র্য স্কোর প্রস্তুত করা হবে। সুবিধাভোগী নির্বাচনের ক্ষেত্রে দারিদ্র্য স্কোর গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

তবে যে সকল সামাজিক নিরাপত্তা কর্মসূচির সুবিধাভোগী নির্বাচন সংক্রান্ত সুনির্দিষ্ট এবং অনুমোদিত নীতিমালা বা আইনগত কাঠামো রয়েছে সেগুলির ক্ষেত্রে উক্ত নীতিমালায় অনুমোদিত মানদন্ড প্রাধান্য পাবে। সে ক্ষেত্রে PMT থেকে প্রাপ্ত দারিদ্র্য স্কোর সহায়ক ভূমিকা পালন করবে।

গ) প্রাথমিক পর্যায়ে নতুন সুবিধাভোগীদের ক্ষেত্রে PMT পদ্ধতির মাধ্যমে দারিদ্র্য স্কোর নির্ধারণ করা হবে। পরবর্তীতে বিদ্যমান ভাতাভোগীদের ক্ষেত্রেও পিএমটি পদ্ধতি প্রয়োগ করে দারিদ্র্য সীমা অতিক্রমকারী সুবিধাভোগীদের চিহ্নিত করে তাদের স্থলে অধিকতর দরিদ্র ব্যক্তিদের অন্তর্ভুক্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

ঘ) ডায়নামিক সোশ্যাল রেজিস্ট্রির সুবিধাভোগীদের তথ্য-উপাত্তের নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে সামাজিক নিরাপত্তা কর্মসূচি বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ, অর্থ বিভাগ এবং উক্ত ডাটাবেইজে অধিগম্যতাপ্রাপ্ত সকল কর্তৃপক্ষকে প্রচলিত আইন অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

ঙ) সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অন্তর্ভুক্তির জন্য আবেদনকারীদের তথ্যাদি সংগ্রহের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের-সহযোগিতায় একটি অভিন্ন (unique) ফরম প্রস্তুত করা হবে।

চ) সমাজকল্যাণ মন্ত্রণালয় এবং মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় তাদের জন্য নির্ধারিত কর্মসূচিসমূহের Dynamic Social Registry বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট অধিদপ্তরে ওয়ার্কিং গুপ গঠন করবে।

ছ) Dynamic Social Registry বাস্তবায়নের জন্য সচিব, সমন্বয় ও সংস্কার-কে আহ্বায়ক করে একটি স্টিয়ারিং কমিটি গঠন করা হবে।

উপরোক্ত নির্দেশনার আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।